

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.৭

তারিখ: ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ পৌষ, ১৪২৬/১২ জানুয়ারি, ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.৭- সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ওমানের সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের ইন্তেকালে আগামী ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ (এক) দিনের শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামীকাল ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের রুহের মাগফেরাতের জন্য আগামীকাল ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১২-১-২০২০

মোঃ সাইদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫৭৫৪৪৬

ইমেইল:

rules_sec@cabinet.gov.bd,
sayeed6632@gmail.com

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.৭/১(৬০)

তারিখ: ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইসলামিক ফাউন্ডেশন
- ৪) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
- ৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬) বিভাগীয় কমিশনার (সকল)
- ৭) মন্ত্রীর একান্ত সচিব (সকল)
- ৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)